

শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩ ইন্সটন গার্ডেন রোড, ঢাকা  
উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ)  
প্রশিক্ষণ প্রকল্প

<http://www.dwa.gov.bd>

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০০০.১৬.০১৬.১৭-২৪৩

তারিখ: ২২ কার্তিক ১৪২৯

০৭ নভেম্বর ২০২২

বিষয়: উপজেলা পর্যায়ে চলমান ১৭তম ব্যাচের পাশাপাশি ১৮তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা  
প্রসঙ্গে।

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ" ২য় সংশোধিত প্রকল্পের জুলাই-২০২২ হতে সেপ্টেম্বর-২০২২ সেশনের সাময়িকভাবে স্থগিতকৃত ১৭তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম পূর্বের কর্মদিবস সমূহ বহাল রেখে গত ০৩/১১/২০২২খ্রি. তারিখ হতে শুরু করা হয়েছে।

০২। উক্ত ১৭তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম সকাল শিফটে এবং আগামী ১৫ নভেম্বর ২০২২ খ্রি. তারিখ হতে ১৮তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম বিকাল শিফটে (শুক্রবার ও শনিবারসহ) শুরু করার জন্য অনুরোধ করা হলো।

০৩। এমতাবস্থায়, ১৮তম ব্যাচের জন্য আগামী ০৮/১১/২০২২ খ্রি. সকাল ০৯:০০ টাকা থেকে ১৩/১১/২০২২খ্রি. তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত প্রকল্পের প্রশিক্ষণার্থী ভর্তি সংক্রান্ত ওয়েব সাইট: <http://iga.dwa.gov.bd> খোলা থাকবে। নির্ধারিত সময়ের মধ্যে আগ্রহী প্রশিক্ষণার্থীদের অনলাইনে আবেদন গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, প্রকল্প কার্যালয় থেকে ০৮/১১/২০২২ খ্রি. তারিখের দৈনিক আমাদের নতুন সময় ও বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় প্রশিক্ষণার্থী ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে (উপজেলা থেকে আলাদা ভাবে কোন পত্রিকায় বিজ্ঞপ্তি দেওয়ার প্রয়োজন নেই)

বিঃদ্র: যেসকল উপজেলায় চলমান সময়ে প্রকল্পের নিয়োগপ্রাপ্ত প্রশিক্ষক মাতৃকালীন ছুটিতে রয়েছেন এবং যেসকল উপজেলায় বিকল্প প্রশিক্ষক প্রদান করা সম্ভব হয়নি সেই সকল উপজেলার সংশ্লিষ্ট ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রম সাময়িক ভাবে স্থগিত রাখার জন্য অনুরোধ করা হলো।



৭-১১-২০২২

মোঃ তরিকুল আলম

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৫৫১৩৮১২৭

ইমেইল: [igaprojectbd@gmail.com](mailto:igaprojectbd@gmail.com)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল) (প্রশিক্ষণার্থী  
ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি তার কার্যালয়ের নোটিশ বোর্ড,  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ড ও  
উপজেলা চেয়ারম্যান এর কার্যালয়ের নোটিশ বোর্ডে  
দেওয়ার জন্য অনুরোধ করা হলো)।

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০০০.১৬.০১৬.১৭-২৪৩/১(১৮৪)

তারিখ: ২২ কার্তিক ১৪২৯

০৭ নভেম্বর ২০২২

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ২) উপপরিচালক (সকল) জেলা পর্যায়
- ৩) মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর



৭-১১-২০২২

মোঃ তারিকুল আলম

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)